## কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা :**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

বরিশাল বিভাগে বিগত ৩ বছরে ৬ টি কারাগারে ৫ টি ট্রেডের আওতায় মোট ১৫০০ জন কারাবন্দিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কারা বন্দিদের জন্য এ বিভাগের সকল কারাগারে পিসিতে অনলাইনে টাকা প্রদানের কার্যক্রম চালু করা হয়েছে। কারাগারে আটক মাদকাসক্ত ৭০০ জন বন্দিকে বিশেষ/চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। তাদের জন্য বিভাগস্থ সকল কারাগারে বিশেষ ওয়ার্ড চালু করা হয়েছে। কারাবন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% বন্দিদের প্রদানের ব্যবস্থা চলমান রয়েছে। এ ব্যবস্থায় ৩টি কারাগারে উপকারভোগীর সংখ্যা ১৪৫০ জন। বিভাগস্থ কারাগারসমূহে বিদ্যুতের ডাবল ফেইজ সংযোগ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। মহিলা কারারক্ষীদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে ০৪ টি কারাগারে ৫০টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। বিভাগের সকল কারাগারে এলইডি ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে যার মাধ্যমে বন্দীদের দেখা সাক্ষাৎ, জামিনের তথ্য এবং কারা অধিদপ্তরের উন্নয়ন কর্মকান্ড প্রচার করা হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

এ বিভাগের ৬টি কারাগারে ধারণ ক্ষমতার অধিক কারাবন্দি অবস্থান করায় সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে তাদের সার্বিক নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করা কারা বিভাগের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।

**ভবিষ্যত পরিকল্পনা:**

কারাবন্দিদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় জরাজীর্ন ও পুরাতন কারাগারসমূহকে সম্প্রসারন ও আধুনিকায়ন করা হবে। সকল কারাগারে মোবাইল ফোন বুথ স্থাপন করা হবে। কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক ও যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২০২৪-২৫ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

৩ টি কারাগারে কারাবন্দিকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্প্রসারণ করা হবে;

৩ টি কারাগারে লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ;

কারাগার সমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য ২৪ টি কাউন্সেলিং কার্যক্রম সম্পন্ন করা;

৬ টি কারাগারে সিসিটিভি, আর্চওয়ে মেটাল ডিটেকটর, হ্যান্ডহেল্ড মেটাল ডিটেকটর, মাইক্রোফোন সিষ্টেম সংযোজন করা হবে।

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | (১.৩) উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে প্রদান | (১.৩.১) লভ্যাংশ প্রদান কার্যক্রম বিভিন্ন কারাগারে সম্প্রসারণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা (কারাগার) | ৬ | - | ১ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| (২) কারাগারের নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন করা | ১০ | (২.১) নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে কারাগারে নিরাপত্তা যন্ত্রপাতি সংযোজন | (২.১.১) কারাগারে সিসিটিভি, আর্চওয়ে মেটাল ডিটেকটর, হ্যান্ডহেল্ড মেটাল ডিটেকটর মাইক্রোফোন সিষ্টেম সংযোজন | ক্রমপুঞ্জিত | সংখ্যা (কারাগার) | ১০ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| (৩) কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান | ২৫ | (৩.১) কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | (৩.১.১) দীর্ঘদিন বিনা বিচারে আটক বন্দীদের তালিকা মামলা নিস্পত্তির জন্য কারা অধিদপ্তরে প্রেরণ করা। | সমষ্টি | সংখ্যা | ৫ | - | ২ | ৩ | ২ | ১ | - | - | ৪ | ৫ |
| | | | (৩.১.২) বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারা বন্দিকে কারা মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এর লক্ষ্যে তালিকা কারা অধিদপ্তরে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | ১ | - | - | - | - | ২ | ৩ |
| | | | (৩.১.৩ ) কারা বন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৫ | ৯০ | ১০০ | ১২০ | ১০০ | ৮০ | ৭০ | ৬০ | ১৩০ | ১৪০ |

# অঙ্গীকারনামা

আমি মোঃ জাহাঙ্গীর কবির, কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ, বরিশাল, কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

| | |
|---|---|
| ------------------------<br>কারা উপ মহাপরিদর্শক<br>বরিশাল বিভাগ<br>সদর দপ্তর, বরিশাল। | ৩০-০৬-২০২৪<br>------------------------<br>তারিখ |
| ------------------------<br>কারা মহাপরিদর্শক<br>কারা অধিদপ্তর<br>বাংলাদেশ, ঢাকা। | ৩০.৬.২০২৪<br>------------------------<br>তারিখ |